

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | أَلشُّعَرَاء |

আয়াতঃ ২৬ : ৬৩

💵 আরবি মূল আয়াত:

فَأُوحَينَا إِلَى مُوسَى أَنِ اصْرِب بِعَصَاكَ البَحرَ اَ فَانفَلَقَ فَكَانَ كُلُّ فِرقِ كَالطَّودِ العَظِيم ﴿٢٣﴾

অতঃপর আমি মূসার প্রতি ওহী পাঠালাম, 'তোমার লাঠি দ্বারা সমুদ্রে আঘাত কর।' ফলে তা বিভক্ত হয়ে গেল। তারপর প্রত্যেক ভাগ বিশাল পাহাড়সদৃশ হয়ে গেল। — আল-বায়ান

তখন আমি মূসার প্রতি ওয়াহী করলাম- 'তোমার লাঠি দিয়ে সমুদ্রে আঘাত কর।' ফলে তা বিভক্ত হয়ে প্রত্যেক ভাগ সুবিশাল পর্বতের ন্যায় হয়ে গেল। — তাইসিরুল

অতঃপর আমি মূসার প্রতি অহী করলামঃ তোমার লাঠি দ্বারা সমুদ্রে আঘাত কর, ফলে তা বিভক্ত হয়ে প্রত্যেক ভাগ বিশাল পর্বত সদৃশ হয়ে গেল। — মুজিবুর রহমান

Then We inspired to Moses, "Strike with your staff the sea," and it parted, and each portion was like a great towering mountain. — Sahih International

৬৩. অতঃপর আমরা মূসার প্রতি ওহী করলাম যে, আপনার লাঠি দ্বারা সাগরে আঘাত করুন। ফলে তা বিভক্ত হয়ে প্রত্যেক ভাগ বিশাল পর্বতের মত হয়ে গেল(১):

(১) অর্থাৎ পানি উভয় দিকে খুব উঁচু উঁচু পাহাড়ের মতো দাঁড়িয়ে গিয়েছিল। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৬৩) অতঃপর মূসার প্রতি প্রত্যাদেশ করলাম, 'তোমার লাঠি দ্বারা সমুদ্রে আঘাত কর।'[1] ফলে তা বিভক্ত হয়ে প্রত্যেক ভাগ বিশাল পর্বতসদৃশ হয়ে গেল। [2]
 - [1] আল্লাহ তাআলা পথ নির্দেশনা করলেন যে, তোমার লাঠি দিয়ে সমুদ্রে আঘাত কর। যার ফলে ডান দিকের পানি ডান দিকে এবং বাম দিকের পানি বাম দিকে (সরে গিয়ে) স্থির হয়ে গেল, আর মধ্যে একটি রাস্তা তৈরী হল। বলা হয় যে, বারটি বংশের জন্য ১২টি রাস্তা তৈরী হয়েছিল। আর আল্লাহই ভালো জানেন।
 - [2] غِرق সমুদ্রের ভাগ বা অংশ। عَلَود মানে পাহাড়। অর্থাৎ, পানির প্রতিটি অংশ বড় পাহাড়ের মত দাঁড়িয়ে রইল। এটি ছিল আল্লাহর পক্ষ হতে এক মু'জিযা, যাতে মূসা (আঃ) ও তাঁর জাতি ফিরআউনের কবল থেকে মুক্তি





লাভ করেন। এই ইলাহী সাহায্য ছাড়া ফিরআউনের কবল হতে মুক্তি সম্ভব ছিল না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2995

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন